# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-09-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে রাজ্য সরকার, মাদকমুক্ত পশ্চিমবঙ্গ গঠনে কঠোর পদক্ষেপ গ্রহণ করছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২) রাজ্যে স্টার্টআপ পরিমন্ডলের দ্রুত অগ্রগতির লক্ষ্যে আগামী ৬-ই সেপ্টেম্বর সল্টলেকে ষষ্ঠ RISE conclave – ২০২৬-এর উদ্বোধন করবেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং।

৩) ডেঙ্গু প্রতিরোধে আজ থেকে তিনদিন ব্যাপী কেএমডিএ এলাকায় বিশেষ পরিচ্ছন্নতা অভিযান চালাবে পুর ও নগরোন্নয়ন দফতর।

উপসর্গ থাকা রোগীর রক্ত পরীক্ষা এবং জন সচেতনতা বৃদ্ধিতে ১৫-ই অক্টোবর পর্যন্ত ব্যাপক প্রচারাভিযান চালাবে স্বাস্থ্য দফতর ।

৪) কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতা মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে।

রাজ্য সরকার ৬ তারিখ পর্যন্ত শতবর্ষে মহানায়ক শীর্ষক এক গুচ্ছ কর্মসূচীর আয়োজন করছে।

৫) নিম্নচাপ রেখা এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজও উত্তরবঙ্গে ভারী এবং দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস।

ooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে রাজ্য সরকার, মাদকমুক্ত পশ্চিমবঙ্গ গঠনে কঠোর পদক্ষেপ গ্রহণ করছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। তিনি গতকাল দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে নেশার কারবারিদের বিরুদ্ধে কড়া বার্তা দিতে প্রায় দু'লক্ষ ফেন্সিডিলের বোতল প্রতীকীভাবে নষ্ট করে দেন। জেলার পুলিশ সুপারের কার্যালয়ের সামনে রাখা নিষিদ্ধ কাশির সিরাপের বোতলের উপর রোড রোলারও চালান তিনি। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার।

মুখ্যমন্ত্রী বলেন, সরকার গঠনের চার মাসের মধ্যে বিপুল পরিমাণ মাদক ও নেশার দ্রব্য বাজেয়াপ্ত করা হয়েছে।

মাদক কারবারের সঙ্গে যুক্ত অপরাধীদের কাউকে ছাড় দেওয়া হবে না বলে হুঁশিয়ারী দেন তিনি।

ooooooooooooooooooooooooo

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট বিমানবন্দর থেকে আগামী এক বছরের মধ্যে ১৯ আসনের বিমান পরিষেবা শুরু করার লক্ষ্য নিয়েছে রাজ্য সরকার। একইসঙ্গে ভবিষ্যতে ৭২ আসনের ATR বিমান চালানোর জন্য রানওয়ে সম্প্রসারণ-সহ প্রয়োজনীয় পরিকাঠামো তৈরির পরিকল্পনা নেওয়া হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। দক্ষিণ দিনাজপুর জেলায় প্রশাসনিক সফরে গিয়ে গতকাল বালুরঘাট বিমানবন্দর পরিদর্শন করেন তিনি। মুখ্যমন্ত্রী জানান, অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে অবিলম্বে ১৯ আসনের বিমান পরিষেবার লাইসেন্স প্রক্রিয়া শুরু করার অনুরোধ জানানো হয়েছে। পাশাপাশি পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে ১৯ আসনের বিমান পরিচালনাকারী সংস্থাগুলির সঙ্গে আলোচনাও শুরু হয়েছে।

( বাইট- শুভেন্দু/ বালুরঘাট )

দক্ষিণ দিনাজপুরের উন্নয়নের জন্য আরও দুটি বড় প্রকল্পের কথাও ঘোষণা করেন তিনি। বালুরঘাট বিশ্ববিদ্যালয়ে বর্তমানে তিনটি বিষয়ের পরিবর্তে আরও সাতটি বিষয়ে পাঠক্রম চালুর জন্য উচ্চশিক্ষা দপ্তরকে দ্রুত অনুমোদন দেওয়ার নির্দেশ দেওয়া হবে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী পরিকাঠামো গড়তে ধাপে ধাপে প্রায় ২০০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনার কথাও তিনি জানিয়েছেন।

বালুরঘাট জেলা হাসপাতাল প্রাঙ্গণেই দক্ষিণ দিনাজপুর মেডিক্যাল কলেজের প্রাথমিক পরিকাঠামো গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে। এদিন প্রশাসনিক বৈঠকে জেলার বিভিন্ন সরকারি প্রকল্পের অগ্রগতিরও পর্যালোচনা করা হয়। মুখ্যমন্ত্রীর দাবি, জেলায় ইতিমধ্যেই তিন লক্ষের বেশি মহিলা, অন্নপূর্ণা যোজনার সুবিধা পেয়েছেন, ১৩ হাজার পরিবার আবাস প্রকল্পের দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছে এবং স্বাস্থ্যবিমা প্রকল্পের আওতায় লক্ষাধিক মানুষকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া জল জীবন মিশনের কাজ দ্রুত শেষ করা, ICDS কেন্দ্র ও প্রাথমিক বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন, অবৈধ বালিঘাট নিয়মিতকরণ এবং ছোট নির্মাণকারীদের কম দামে বালি সরবরাহের ব্যবস্থাও করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

<u>oooooooooooooooooooooooo</u>

বিজ্ঞানভিত্তিক গবেষণা ও উন্নয়ন, শিল্প ক্ষেত্র এবং নতুন উদ্যোগ, সর্বোপরি রাজ্যের স্টার্টআপ পরিমন্ডলের দ্রুত বৃদ্ধির লক্ষ্যে ষষ্ঠ RISE conclave – ২০২৬, আগামী ৬ ই সেপ্টেম্বর CSIR- IICB সল্টলেক ক্যাম্পাসে শুরু হচ্ছে। CSIR - IICB, CSIR - CGCRI, CSIR - CMERI, CSIR - IMMT এর যৌথ উদ্যেগে আয়োজিত দুদিনের ওই সম্মেলন, স্টার্টআপ, শিল্প, শিক্ষা জগতের বিশিষ্ট ব্যক্তিত্ব, উদ্ভাবক এবং প্রযুক্তিবিদদের এক মঞ্চে নিয়ে আসবে। এই সম্মেলনের মূল ভাবনা ২০৪৭-এ বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে উদ্ভাবন এবং নতুন উদ্যোগকে উৎসাহিত করা। কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র

সিং সম্মেলনের উদ্বোধন করবেন। মুখ্য মন্ত্রী শুভেন্দু অধিকারী, রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি এবং বায়োটেকনোলজি দপ্তরের মন্ত্রী ডক্টর কল্যাণ চক্রবর্তী সেখানে উপস্থিত থাকবেন।

CSIR - IICB র ডিরেক্টর অধ্যাপক বিভা ট্যান্ডন, বিধাননগরে গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, এই সম্মেলনে ইতিমধ্যে দেড়শোর বেশি Startup নাম নথিভুক্ত করেছে। আটশোর অধিক অংশগ্রহণকারী Research, Industry, Startup and Entrepreneurship-রাইজ কনক্লেভে যোগ দেবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

বাইট প্রফেসর Vibha Tandon

CSIR – CGCRI-এর ডিরেক্টর অধ্যাপক বিক্রমজিৎ বসু বলেন, শিল্প এবং অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সঙ্গে স্টার্ট আপের সংযোগের আদর্শ মঞ্চ হল RISE।

oooooooooooooooooooooooo

ডেঙ্গু প্রতিরোধে আজ থেকে ৫-ই সেপ্টেম্বর পর্যন্ত কলকাতা মেট্রোপলিটন ডেভলাপমেন্ট অথরিটি কেএমডিএ-র এলাকার বিভিন্ন জায়গায় বিশেষ পরিচ্ছন্নতা অভিযান চালাবে পুর ও নগরোন্নয়ন দফতর। ডেঙ্গু আক্রান্ত এলাকা চিহ্নিত করে মশার লার্ভা ধ্বংসের ওপর জোর দেওয়া হবে এই অভিযানে। ডেঙ্গু মোকাবিলায় উপসর্গ থাকা রোগীদের চিহ্নিত করা ও রক্ত পরীক্ষা বাড়ানোর নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দফতর। সব জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের পাঠানো নির্দেশিকায় স্বাস্থ্য দফতর জানিয়েছে, আশা কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে জ্বরের রোগীর সন্ধান করবেন। ৪৮ ঘণ্টার বেশি জ্বর থাকলে সংশ্লিষ্ট স্বাস্থ্য আধিকারিকের নজরে আনতে হবে। এই সমস্ত রোগীদের নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে ডেঙ্গুর জন্য বিনামূল্যে রক্ত পরীক্ষা করাতে হবে। রক্তের নমুনা সংগ্রহ করে NS1 অথবা 'আই.জি.এম ELISA' পরীক্ষা করতে হবে। নমুনা একই দিনে রেফারেল ল্যাবরেটরি বা Sentinel Surveillance Laboratory-তে পাঠাতে বলা হয়েছে।

কোন এলাকায় জ্বরের রোগীর সংখ্যা হঠাৎ বেড়ে গেলে নির্দিষ্ট প্রোটোকল অনুযায়ী ফিভার ক্যাম্প করার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর। ম্যালেরিয়া জন্য rapid ডায়াগনস্টিক

কিড ব্যবহার করে রক্ত পরীক্ষার করতে বলা হয়েছে। **১৫ই** অক্টোবর পর্যন্ত রক্ত পরীক্ষা ও জনসচেতনতা বাড়ানোর উপর ব্যাপক অভিযান চালাবে স্বাস্থ্য দপ্তর। যেসব এলাকায় সরকারি পরীক্ষার পরিকাঠামোর অভাব রয়েছে, সেখানে বেসরকারি ডায়াগনস্টিক ল্যাবরেটরিগুলিকে বিনামূল্যে অথবা ভর্তুকি মূল্যে রক্ত পরীক্ষা করানোর জন্য অনুরোধ জানানো হবে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

রক্ত ও প্লাজমা পাচারের অভিযোগে সিআইটি রোডের একটি বেসরকারি ব্লাড ব্যাঙ্কের লাইসেন্স বাতিল করেছে রাজ্য ড্রাগ কন্ট্রোল। ওই ব্লাড ব্যাঙ্কের যাবতীয় কাজকর্ম বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। সম্প্রতি রাজ্যের বিভিন্ন বেসরকারি ব্লাড ব্যাঙ্কগুলিতে একাধিক অনিয়ম প্রকাশ্যে আসার পর, পদক্ষেপ করে স্বাস্থ্য দফতর। এর আগে আরো একটি বেসরকারি ব্লাড ব্যাঙ্কের বিরুদ্ধেও এই নির্দেশ জারি হয়েছিল।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

বীরভূমের তারাপীঠ বা কলকাতার মির্জা গালিব স্ট্রিটের হোটেলে আগুন লাগার মতো ঘটনার পুনরাবৃত্তি রুখতে রাজ্য সরকার, হোটেল, রেস্তোরাগুলিকে প্রয়োজনীয় অগ্নিনির্বাপন ব্যবস্থার ঘাটতি মেটাতে এক মাস সময়সীমা বেঁধে দিয়েছে। পুর ও নগর উন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল গতকাল দপ্তরের সচিব, পুলিশ ও দমকল আধিকারিক এবং বিভিন্ন হোটেল, রেস্তোরা সংগঠনের সঙ্গে বৈঠক করেন। সময়সীমা পেরিয়ে যাওয়ার পরেও যদি কোনো হোটেল বা রেস্তোরাঁ প্রয়োজনীয় ফায়ার লাইসেন্স ছাড়া বা নিয়ম লঙ্ঘন করে ব্যবসা চালায়, তবে তাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন মন্ত্রী। আপৎকালীন বেরোনোর পথ না থাকলে তা প্রশাসনের নজরে আনার জন্য হোটেল কর্তৃপক্ষকে বলেছেন তিনি।

(বাইট -অগ্নিমিত্রা )

এদিকে, তারাপীঠ ও নিউ মার্কেটের অগ্নিকান্ডের পর দমকলের দক্ষিণ কলকাতা এবং বীরভূম বিভাগের ডিভিশনাল ফায়ার অফিসার-ডিএফও পদে রদবদল করা হয়েছে। দক্ষিণ কলকাতা ডিভিশনে নিহার রঞ্জন রায় এবং বীরভূম বিভাগে শ্যামসুন্দর দে নতুন ডিএফও হচ্ছেন। এই পর্বে দমকলের বিভিন্ন বিভাগ মিলিয়ে মোট ১৭ জন ডিএফওকে বদলি করা হয়েছে। এছাড়াও আঠারো জন স্টেশন অফিসার সহ মোট ২৪ জন পদস্থ আধিকারিকারিক বদলি হয়েছেন।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতা মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে রাজ্য সরকার আজ থেকে ৬ তারিখ পর্যন্ত কলকাতা জুড়ে “শতবর্ষে মহানায়ক" শীর্ষক একগুচ্ছ কর্মসূচীর আয়োজন করেছে। থাকছে চলচ্চিত্র চর্চা, প্রদর্শনী ও সঙ্গীতায়োজন। সকালে টালিগঞ্জে মহানায়কের মূর্তিতে শ্রদ্ধা জ্ঞাপন করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও আহিরিটোলায় শ্রদ্ধা জানাবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। বিজলী সিনেমার সামনে মহানায়কের প্রতিকৃতির আবরণ উন্মোচন করবেন পরিচালক সন্দীপ রায়। উত্তম কুমারের জন্ম শতবর্ষ উপলক্ষে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিজিত)

সন্ধ্যায় নন্দন থেকে বিড়লা তারামন্ডল পর্যন্ত শ্রদ্ধাঞ্জলি পদযাত্রায় অংশ নেবার পর গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় মহানায়কের স্মৃতিতে বিশেষ প্রদর্শনীর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।  বসুশ্রী সিনেমা হলে মহানায়ক প্রতিষ্ঠিত শিল্পী সংসদ এবং মহানায়ক উত্তম কুমার ওয়েলফেয়ার সোসাইটি দক্ষিণ কলকাতা নজরুল মঞ্চে বিশেষ শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করেছে।

oooooooooooooooooooooooo

গ্রামাঞ্চলের উন্নয়ন ও গ্রামীণ সম্পদ সৃষ্টি এবং কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে পঞ্চায়েত দপ্তর কি পরিকল্পনা নিচ্ছে তা নিয়ে আকাশবাণীকে বিস্তারিত জানিয়েছেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ। সাক্ষাৎকার নিয়েছেন আকাশবাণী প্রতিনিধির সন্দীপন দাশগুপ্ত। সহযোগিতায় অভিরূপ ভট্টাচার্য ও কাশফিন নাহার। শব্দ সম্পাদনায় সাধনা দাস বসু ।আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গ, আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের ক্যামাক স্ট্রিটের দলীয় কার্যালয়ে ভাঙচুরের অভিযোগ উঠে। আজ ভোরে একদল লোক ওই কার্যালয়ে ঢুকে ভাঙচুর ও লুটপাট চালায় বলে অভিযোগ। দলীয় নেতৃত্বের দাবি, পুলিশকে বারবার ফোন করা হলেও দু'ঘণ্টা ধরে তাদের দেখা পাওয়া যায়নি। দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooooo

উত্তরপ্রদেশ থেকে বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ রেখা এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজও উত্তরবঙ্গে ভারী এবং দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকায় মাঝরাতের পর থেকে দফায় দফায় বৃষ্টিতে বহু জায়গায় জল জমে গেছে। আলিপুরে আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত ২৪ ঘন্টায় ৭৮ মিলিমিটারের বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে। তবে উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে ভারী বৃষ্টির এবং কোথাও কোথাও অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। কমলা সতর্কতা রয়েছে জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায়।

oooooooooooooooooooooooo